

বাংলাদেশ নির্বাচন কমিশন  
জেলা নির্বাচন অফিসারের কার্যালয়  
সাতক্ষীরা  
www.ecs.gov.bd

স্মারক নং- ১৭.০৫.০০০.৮৭০০.৩২.০০৩.২২-১৯৩

তারিখ : ০৭ এপ্রিল ২০২২


বিজ্ঞপ্তি

নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা এর ২৮ মার্চ ২০২২ তারিখের নং-১৭.০০.০০০০.০২৬.৩২.০১৬.২১-১৮১ নং স্মারকের নির্দেশনা মোতাবেক ছবিসহ ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম ২০২২ উপলক্ষে নিম্নবর্ণিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম-২০২২ চলাকালীন সময়ের জন্য) নিয়োগের জন্য প্যানেল প্রস্তুতের লক্ষ্যে বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে

ক্র নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা	মন্তব্য
১	টেকনিক্যাল এক্সপার্ট/ সাপোর্ট	স্নাতক (কম্পিউটার ডিপ্লোমা/ সমমানের ডিগ্রী থাকতে হবে)	ছবিসহ ভোটার তালিকার কাজে অভিজ্ঞদের কাজে অভিজ্ঞদের অগ্রাধিকার দেওয়া হবে।	
২	টিম লিডার	এইচ.এস.সি বা সমমান পাশ সহ ন্যূনতম ৬ মাসের কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণ সনদপ্রাপ্ত		
৩	ফ্রফ রিডার			
৪	ডাটা এন্ট্রি অপারেটর			
৫	ডাটা এন্ট্রি হেলপার			

শর্তাবলী :

- ১। আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা, পদের নাম, অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর, নিজ নামের ব্যাংকের হিসাবের নাম, নম্বর ও ব্যাংকের শাখার নাম, উল্লেখপূর্বক আবেদনপত্র জেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা বরাবরে আগামী ২৫ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে।
- ২। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের কপি/অন্যান্য কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৩। প্রার্থীর বয়স ০৭/০৪/২০২২খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে ভোটার তালিকা হালনাগাদ কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- ৪। যে পদের জন্য আবেদন করা হয়েছে খামের উপর সে পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ৫। অসম্পূর্ণ, ভুল তথ্য সম্বলিত/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৬। কেবল উপযুক্ত বিবেচিত প্রার্থীদের পত্র মারফত/মোবাইল ফোনে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় সূচী জানানো হবে (ব্যবহারিক পরীক্ষা অত্র ক্ষেত্রে হবে)।
- ৭। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিলকৃত কাগজপত্রের মূলকপি সংগে আনতে হবে।
- ৮। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র অফেরতযোগ্য।
- ৯। একজন আবেদনকারী শুধুমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। একাধিক পদে আবেদনপত্র দাখিল করলে সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১০। কোন পদের বিপরীতে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে কর্তৃপক্ষ অন্য পদের জন্য নির্ধারিত প্যানেল থেকে উক্ত পদের জন্য নিয়োগ প্রদান করতে পারবে।
- ১১। উপরোল্লিখিত পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম- ২০২২ সময়ের জন্য নিয়োগ প্রদান করা হবে এবং নির্বাচন কমিশন সচিবালয়/প্রকল্প কার্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুসারে উপরোক্ত কাজের জন্য সম্মানী প্রদান করা হবে।
- ১২। আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ বিজ্ঞপ্তি বাতিল করার/নিয়োগ প্রক্রিয়া বাতিল/পরিবর্তন/সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করবেন।
- ১৪। ছবিসহ ভোটার তালিকা প্রণয়নের কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
- ১৫। কাজে অদক্ষ ও অসদুপায়ের জন্য পূর্বে বহিস্কৃত কোন ব্যক্তিকে নিয়োগ প্রদান করা হবে না।


  
(ফারুকী বেনজীর আহম্মেদ)  
জেলা নির্বাচন অফিসার  
সাতক্ষীরা  
ফোন-০২৪৭৭৭৪০০৮৬

স্মারক নং- ১৭.০৫.০০০.৮৭০০.৩২.০০৩.২২-১৯৩

তারিখ : ০৭ এপ্রিল ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ২। মহা-পরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ৩। মহা-পরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ৪। জেলা প্রশাসক, সাতক্ষীরা
- ৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), সাতক্ষীরা
- ৭। উপজেলা নির্বাচন অফিসার .....(সকল), সাতক্ষীরা
- ৮। সভাপতি/ সম্পাদক, প্রেসক্লাব, সাতক্ষীরা
- ৯। নোটিশ বোর্ড

  
জেলা নির্বাচন অফিসার  
সাতক্ষীরা  
ফোন-০২৪৭৭৭৪০০৮৬